

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৫৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصل الأول

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الدُّنْيَا سِجْنٌ لِّلْمُؤْمِنِ
وَجَنَّةُ الْكَافِرِ». رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (1 / 2956)، (7417) -

(صَحِيحٍ)

বাংলা

৫১৫৮-[৮] আবু হুরায়রাহ (রা.) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) বলেছেন : দুনিয়া মু'মিনের জন্য
জেলখানা আর কাফিরের জন্য জান্নাতস্বরূপ। (মুসলিম)

ফুটনোট

সহীহ : মুসলিম ১-(২৯৫৬), তিরমিয়ী ২৩২৪, ইবনু মাজাহ ৩৪৭২২, মুসনাদে 'আবুদ ইবনু হুমায়দ ৩৪৬, মুসনাদে
বাযার ২৪৯৮, আবু ইয়ালা ৬৪৫৯, সহীহ ইবনু হিবান ৬৮৭, শুআবুল ঈমান ৫৬৪৫, আল মু'জামুল কাবীর লিখ
তবারানী ৫৯৬৫ আল মু'জামুল আওসাত্ত ২৭৮২, আল মুসতাদরাক লিল হাকিম ৬৫৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা (الدُّنْيَا سِجْنٌ لِّلْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ) : ইমাম নবাবী (রাহিমাল্লাহ) বলেন : উল্লেখিত হাদীসে দুনিয়াতে
একজন মুমিন হারাম এবং ঘৃণিত সব ধরনের প্রবৃত্তির ভোগে আবদ্ধ থাকে, যা নিষিদ্ধ। মন যা চায় তাই সে
করতে পারে না। বরং কষ্টসাধ্য হলেও সব ধরনের 'ইবাদত-বন্দেগী পালনে বদ্ধপরিকর, সে যখন মারা যায় তখন
এই কষ্ট থেকে পরিত্রাণ পায় এবং তার রবের পক্ষ থেকে প্রস্তুতকৃত প্রতিদান পেয়ে যায়। পক্ষান্তরে একজন

কাফির প্রবৃত্তির ভোগ বিলাসে লাগামহীন পদচারণার কারণে দুনিয়ার বুকে অনেক আরাম ও শৌখিনভাবে বসবাস করে। কিন্তু সে যখন মারা যায় তখন চিরস্থায়ী শাস্তি আর অভিসম্পাত তাকে আচ্ছাদিত করে।

‘আল্লামাহ্ মুনাবী (রহিমাত্তুল্লাহ) বলেন : সে যেহেতু অবৈধ প্রবৃত্তি ভোগে বাধাপ্রাপ্ত, তাই সে কারাবন্দীর মতো, আর কাফির যেহেতু বাধাহীন, তাই সে মুক্ত ও স্বাধীন।

ফুয়ায়ল ইবনু ইয়াস (রহিমাত্তুল্লাহ) বলেন, যে ব্যক্তি দুনিয়ার ভোগ-বিলাস পরিত্যাগ করল, সে মূলত জেলখানায় আবদ্ধ। ইবনু উমার (রা.) বলেন, মুমিনের প্রাণ যখন তার দেহ থেকে বের হয় তখন তার উদাহরণ ঐ ব্যক্তির মতো যে জেলখানায় আবদ্ধ ছিল, অতঃপর তাকে জেলখানা হতে ছেড়ে দেয়ার পর সে তথা হতে বের হয়ে জমিনে বিচরণ করে এবং প্রশস্ততা বোধ করে তেমনি মুমিন ব্যক্তি দুনিয়া ছেড়ে পরপারে গিয়ে প্রশস্ততা বোধ করে।

(তুহফাতুল আহওয়ায়ী ৬ষ্ঠ খণ্ড, ২৩২৪; শারহুন্ন নবাবী ১৮শ খণ্ড, হা, ২৯৫৬/১; মিকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

৫ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85138>

৫ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন